গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.mohfw.gov.bd

অতি জরুরি
বাজেট অগ্রাধিকার

নং- ৪৫.০০.০০০০.১৩৯.০২০.০০৪.২০১৯-২৩১ তারিখঃ ০৮-০৩-২০২০খ্রিঃ

বিষয়ঃ শিশু বিষয়ক বাজেট প্রতিবেদন ২০২০-২১ প্রণয়ন।

সূত্রঃ অর্থ বিভাগের স্মারক নম্বর- ০৭.০০.০০০০.১০৯.২০.০০৪.২০-২৯, তাং ২৩/০২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদে বাজেট উপস্থাপনের পাশাপাশি বিগত ২০১৫-১৬ অর্থ বছর থেকে শিশু বাজেট প্রতিবেদন ও উপস্থাপন করা হচ্ছে। জাতীয় বাজেটে শিশুদের সুযোগ-সুবিধা ও অধিকার সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থের প্রতিফলনের লক্ষ্যে আগামী ২০২০-২১ অর্থ বছরের শিশু বিষয়ক বাজেট প্রতিবেদন প্রণয়ন এবং তা জাতীয় সংসদে উপস্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রে বর্ণিত তথ্যাদি সংযুক্ত ফরমেট অনুযায়ী বাংলা ও ইংরেজীতে ইউনিকোড ফন্টে আগামী ১৬/০৩/২০২০ তারিখের মধ্যে হার্ড কপি, সফট কপি এবং ই-মেইলের মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ২ পাতা।

০৮.০৩.২০২০
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৯২৭
Email- budget11@hsd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (আধা সরকারিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

E:\Romjanul\General letter Nikosh.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.mohfw.gov.bd

অতি জরুরি
বাজেট অগ্রাধিকার

নং- ৪৫.১৩৯.০২০.০০.০০.০২১.২০১৭-২৩৩ তারিখঃ ০৮-০৩-২০২০খ্রিঃ

বিষয়ঃ ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা শীর্ষক বার্ষিক প্রতিবেদনের জন্য তথ্য প্রেরণ।

সূত্রঃ অর্থ বিভাগের স্মারক - ০৭.১২৫.০২০.০৭.০১.০০১.২০১৫-৩০, তাং- ১৫/০২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা" শীর্ষক একটি বার্ষিক প্রতিবেদন ধারাবাহিকভাবে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক জাতীয় বাজেট উপস্থাপনের সময় মহান জাতীয় সংসদে পেশ করা হচ্ছে। প্রতিবেদনটিতে ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ, সেগুলোর অগ্রগতি এবং আগামী দিনের পরিকল্পনাসমূহ বর্ণিত হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার কর্তৃক যে সকল পদক্ষেপ গৃহীত হয়েছে সে বিষয়ে হালনাগাদ তথ্যাদি প্রয়োজন। উল্লেখ্য মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক ২০২০-২১ অর্থবছরের বাজেটের সাথে মহান জাতীয় সংসদে প্রতিবেদনটি উপস্থাপন করা হবে।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রে বর্ণিত তথ্যাদি আগামী ১৬/০৩/২০২০ খ্রি. এর মধ্যে হার্ড কপি (নিকস ফন্ট) এবং ই-মেইলের মাধ্যমে একটি প্রতিবেদন (সফটকপি) আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১ পাতা।

০৮.০৩.২০২০
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৯২৭
Email- budget11@hsd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিবের মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.mohfw.gov.bd

বিষয়ঃ বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	রাশেদা আকতার অতিরিক্ত সচিব (বাজেট) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	ঃ	০৫-০৩-২০২০ খ্রিঃ, সময়ঃ বেলা ২:৩০ ঘটিকা
সভার স্থান	ঃ	সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩২, ভবন নম্বর-৩, বাংলাদেশ সচিবালয়), স্বাস্থ্য সেবা বিভাগ
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট) ড. মোঃ এনামুল হককে অনুরোধ করেন। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, গত ০৩-১২-২০১৯ তারিখে অর্থ বিভাগের ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৮-৫৪০ নম্বর স্মারকের মাধ্যমে **বাজেট পরিপত্র-১** জারি করেছে। জারিকৃত পরিপত্রে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ এবং মন্ত্রণালয়/বিভাগ ও অধিনস্থ অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণের নির্দেশনা প্রদান করা হয়েছে। মধ্যমেয়াদী বাজেট কাঠামো অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ প্রদান করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক ব্যয়সীমার বিভাজন ও প্রক্ষেপণ প্রস্তুত এবং দপ্তর/সংস্থার ব্যয়সীমা প্রস্তুতের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ সভায় উপস্থাপন করেন। সভাপতি ২০২০-২১ অর্থ বছরের বাজেটের উপর আলোচনার জন্য উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে অনুরোধ জানান।

১। বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও প্রস্তুত: সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার খাত/কর্মসূচি প্রভৃতি বিষয় বিবেচনা করে প্রথম ভাগের এ অংশসমূহ পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট কাঠামোর প্রথম ভাগ প্রণয়নে তিনি পরিকল্পনা অনুবিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। সচিবালয় অংশের ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) নির্ধারিত সময়ে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

২। অতিরিক্ত অর্থ বরাদ্দের দাবীঃ ২০২০-২১ অর্থবছরে মোট ব্যয়সীমা ১০,৮১২,৪৫,০০,০০০/- (দশ হাজার আটশত বার কোটি পঁয়তাল্লিশ লক্ষ) টাকা। কিন্তু স্বাস্থ্য সেবা বিভাগের বিভিন্ন প্রতিষ্ঠানে অনেক কর্মচারী নিয়োগ করায় তাদের বেতন ভাতা খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। নিম্নবর্ণিত প্রতিষ্ঠানে নতুন কর্মচারী নিয়াগ করা হয়েছে, যার দাবী নিম্নরূপঃ

(ক) পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য অধিদপ্তরের কর্মচারীদের মোবাইল ভাতা, আপ্যায়ন ভাতা এবং যন্ত্রপাতি খাতে অর্থ বরাদ্দ প্রয়োজন। এছাড়া ৩৯ তম বিসিএস এর মাধ্যমে যোগদানকৃত ৪৬১১ জন ডাক্তারদের বেতন ভাতা বাবদ ২০২০-২১ অর্থবছরে ৩০৩,৪২,০০,০০০/- (তিনশত তিন কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা অতিরিক্ত প্রয়োজন।

(খ) পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, গবেষণা ব্যয় খাতে স্বাস্থ্য অধিদপ্তরে কোন বরাদ্দ নেই। তিনি উক্ত খাতে অর্থ বরাদ্দ করার জন্য অনুরোধ করেন।

(গ) নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ২০১৮ সালের জুন মাসে বিভিন্ন পর্যায়ে মোট ৬২৩৩ জন নার্স ও মিডওয়াইফ নিয়োগ করা হয়েছে। উক্ত নার্স ও মিডওয়াইফদের বেতন ভাতা বাবদ ২০২০-২১ অর্থ বছরে ২৯০,০০,০০,০০০/- (দুইশত নব্বই কোটি) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(ঘ) ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, কর্মকর্তাগণ ৯ম গ্রেড হতে ৮ম গ্রেডে উন্নীত হওয়ায় এবং ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করার ফলে ক্যামিকেল ও আইটি ইকুইপমেন্ট এর জন্য ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা অতিরিক্ত অর্থ প্রয়োজন।

(ঙ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চলতি বছরে বিভিন্ন পর্যায়ে অফিস স্থাপন ও নতুন কর্মকর্তা নিয়োগ হওয়ায় ২০২০-২১ অর্থবছরে বেতন ভাতা খাতে অতিরিক্ত ৯,০০,০০,০০০/- (নয় কোটি) টাকা প্রয়োজন।

৩। সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের জন্য নিম্নবর্ণিত সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

(ক) স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ প্রাথমিক ব্যয়সীমার অনুমোদন (পতাকা-ক)।

(খ) প্রাতিষ্ঠানিক গ্রুপ/কোড ভিত্তিক ব্যয়সীমা অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন।

(গ) স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন পর্যায়ে নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ২০২০-২১ অর্থবছরে মোট ৬০৭,৪২,০০,০০০/- (ছয়শত সাত কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়টি ত্রিপক্ষীয় সভায় আলোচনার সুপারিশ।

(ঘ) বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ আগামী ৭ দিনের মধ্যে হালনাগাদ করে বাজেট অনুবিভাগকে অবহিত করতে হবে। এমবিএফ অংশ পূরণের সময় অবশ্যই গত ৩ বছরের অর্জনের উল্লেখযোগ্য বিষয় উল্লেখ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রাশেদা আকতার)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.১৩৯.০২০.০০.০০.০০২.২০১৯.২০১৮-২৩৬

তারিখঃ ০৯-০৩-২০২০খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। সমন্বয়ক, তামাক নিয়ন্ত্রন সেল, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী।
৭। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ওয়াকর্শপ ম্যানেজার, যানবাহন ও যন্ত্রপাতি সংরক্ষণ সংস্থা (টেমো), ঢাকা।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য উইং, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০৯.০৩.২০২০
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫৪৫৯২৭

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

E:/Meeting Minutes/Minutes-BWG.doc